বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় | পরীক্ষা বিভাগ

BANGLADESH OPEN UNIVERSITY | EXAMINATION DIVISION

বাউবি/পরীক্ষা/এইচএসসি/ফলাফল/১৩৪/৯৮/১৪৩৪ তারিখ: ১৫/০৯/২০১৯

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : এইচ.এস.সি পরীক্ষা-২০২০ এ পুন: পরীক্ষায় অংশগ্রহণ প্রসঙ্গে।

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচ.এস.সি পরীক্ষা-২০১৯ এর ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। যে সকল শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে তাদের পুনঃ পরীক্ষার ফি জমাদানপূর্বক পুন: পরীক্ষার আবেদন গ্রহণ ও তালিকাভুক্ত করে পরীক্ষা বিভাগে প্রেরণ সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত সূচি অনুসরণ করতে হবে।

(ক)	পুন: পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের পুন: পরীক্ষার ফি জমাদান পূর্বক আবেদন করার সর্বশেষ তারিখ	১৬/০৯/২০১৯ থেকে ১৭/১০/২০১৯ পর্যন্ত
(খ)	পুন: পরীক্ষা ফি জরিমানাসহ সর্বশেষ তারিখ	৩১/১০/২০১৯
(গ)	আঞ্চলিক কেন্দ্র থেকে পুন: পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের তালিকা পরীক্ষা বিভাগে পৌছানোর তারিখ **(পরীক্ষা বিভাগে কেবলমাত্র পুন: পরীক্ষার তালিকা প্রেরণ করতে হবে। শিক্ষার্থীদের আবেদন প্রেরণ করার প্রয়োজন নেই)। এছাড়াও পুন: পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের তালিকা অনলাইনে পরীক্ষা নিয়ন্ত্রকের ঠিকানায় প্রেরণ করতে হবে।**	১১/১১/২০১৯

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর পুন: পরীক্ষার কোন আবেদন গ্রহণ করা হবে না। বিষয়টি সকল স্টাডি সেন্টারসহ শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হল।

পরীক্ষা নিয়ন্ত্রক

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১। ডিন, ওপেন স্কুল, বাউবি।
২। পরিচালক, এস.এস.এস বিভাগ, বাউবি।
৩। সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হ'ল।
৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী আঞ্চলিক পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংরক্ষণ নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

বাউবি/পরীক্ষা/এইচএসসি/ফলাফল/১৩৪/৯৮/৬৪৫৫ তারিখ: ১৫/০৯/২০১৯

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : এইচ.এস.সি পরীক্ষা-২০১৯ এর ফলাফল পুনঃনিরীক্ষণ প্রসঙ্গে।

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচ.এস.সি পরীক্ষা-২০১৯ এর ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। যে সকল শিক্ষার্থী ফলাফল পুনঃনিরীক্ষা করাতে ইচ্ছুক তাদেরকে বাউবি'র নির্ধারিত ব্যাংকে পুনঃনিরীক্ষণ ফি ৫০০/-(পাঁচশত) টাকা জমা দিয়ে **exam.bou.edu.bd** ওয়েব সাইটে পুনঃনিরীক্ষার আবেদন লিংকে গিয়ে অনলাইনে ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক সাবমিট করতে হবে। এরপর প্রিন্ট নিয়ে আবেদনটি টাকা জমার রশিদসহ সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে জমা দিতে হবে।

আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র পরীক্ষা বিভাগ হতে প্রাপ্ত **User ID** এবং **Password** দিয়ে উল্লিখিত ওয়েব সাইটে লগইন করবেন এবং পুনঃনিরীক্ষার আবেদনসমূহ ০৩/১০/২০১৯ তারিখের মধ্যে যাচাই করে নিশ্চিত করবেন। উপ-আঞ্চলিক কেন্দ্র পুনঃনিরীক্ষার তালিকা প্রিন্ট করে স্বাক্ষর ও সীল দিয়ে এক কপি পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর এবং এক কপি টাকা জমার রশিদের ফটোকপি সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে প্রেরণ করবেন। আঞ্চলিক কেন্দ্র, উপ-আঞ্চলিক কেন্দ্রের তালিকাসহ পুনঃনিরীক্ষার তালিকা আগামী ১০/১০/২০১৯ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরারব প্রেরণ করবেন।

নির্ধারিত তারিখের পরে প্রেরিত কোন আবেদন বিবেচনা করা হবে না। অনলাইন ব্যতীত ডাকযোগে অথবা হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না।

পূনঃনিরীক্ষণ সংক্রান্ত তথ্যাদি শিক্ষার্থীদের অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

পরীক্ষা নিয়ন্ত্রক

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১। ডিন, ওপেন স্কুল, বাউবি।
২। পরিচালক, এস.এস.এস বিভাগ, বাউবি।
৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী আঞ্চলিক পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংরক্ষণ নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

বাউবি/পরীক্ষা/এইচএসসি/ফলাফল/১৩৪/৯৮/৬৪৫৬

তারিখ: ১৫/০৯/২০১৯

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : এইচ.এস.সি পরীক্ষা-২০১৯ এর ফলাফল সংক্রান্ত অভিযোগ প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচ.এস.সি পরীক্ষা-২০১৯ এর ১ম ও ২য় বর্ষের ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। কোর্স সংক্রান্ত জটিলতা, আই ডি নম্বরের অস্পষ্টতা বা ফি পরিশোধ সংক্রান্ত যথাযথ সুপারিশ থাকা সত্ত্বেও কোন শিক্ষার্থীর ফলাফল প্রকাশ না হয়ে থাকলে তাকে অনলাইনে ফলাফল সংক্রান্ত বিষয়ে অভিযোগ করতে হবে। **এইচ.এস.সি পরীক্ষা-২০১৯ এর ফলাফলের সমস্যা সংক্রান্ত আবেদন ফরম exam.bou.edu.bd এই ওয়েব ঠিকানায় আগামী ১৬/০৯/২০১৯ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা হতে পাওয়া যাবে। উক্ত ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ৩০/০৯/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে উল্লিখিত ওয়েব ঠিকানায় প্রেরণ করতে হবে এবং উক্ত অভিযোগের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে।** তবে যাদের ফি জমা সংক্রান্ত অভিযোগ রয়েছে তারা অনলাইনে আবেদনপত্র পূরণপূর্বক প্রিন্ট নিবেন এবং ফি জমাদানের প্রমানসহ সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে উক্ত তারিখের মধ্যে জমা দিবেন। আঞ্চলিক কেন্দ্রসমূহ ০৩/১০/২০১৯ তারিখের মধ্যে উক্ত ওয়েব সাইটে পরীক্ষা বিভাগ হতে প্রাপ্ত User ID এবং Password দিয়ে লগইন করে ফি সংক্রান্ত আবেদনসমূহ যাচাই করে নিশ্চিত করবেন। এরপর তালিকাটি প্রিন্ট করে স্বাক্ষর ও সিল দিয়ে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করবেন। নির্ধারিত তারিখের পর কোন অভিযোগ গ্রহণ করা হবে না।

অনলাইন ব্যতীত ডাকযোগে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না। উল্লেখ্য, সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১৫/৯/১৯

পরীক্ষা নিয়ন্ত্রক

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
২। পরিচালক, এস.এস.এস বিভাগ, বাউবি।
৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংরক্ষণ নথি।

D:\HSC\Result Pad 2018